
২৫

চ বি জা আর্কাইভস
-৬৯৯-

# বাংলাদেশে শোষনের চিত্র


সাহিত্যবিশারদ কোষ গ্রন্থাগার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর
সং নং......



স্বাধীনতার পথ প্রদর্শক

# কেন এই মুক্তির সংগ্রাম, কেন এই স্বাধীনতার সংগ্রাম





অস্থায়ী প্রেসিডেণ্ট
সৈয়দ নজরুল ইসলাম



প্রধান মন্ত্রী
তাজউদ্দীন আহম্মদ



অর্থ মন্ত্রী
এম, মনসুর আলী



পররাষ্ট্র মন্ত্রী
খোন্দকার মোস্তাক আহম্মদ



স্বরাষ্ট্র মন্ত্রী
এ, এইচ, এম, কামরুজ্জামান

## উন্নয়ন পরিকল্পনায় বাংলাদেশ কোথায়

| বাংলাদেশ | শতকরা হিসাব | সাল | পশ্চিম পাকিস্তান | শতকরা হিসাব |
|---|---|---|---|---|
| | | (১৯৫০-৫১—'৫৪-৫৫) | | |
| ২৭১ কোটি টাকা | ২০% | | ১১,২৯ কোটি টাকা | ৮০% |
| | | (১৯৫৫-৫৬—'৫৯-৬০) | | |
| ৫২৪ ,, ,, | ২৬% | | ১৬,৫৫ ,, ,, | ৭৪% |
| | | (১৯৬০-৬১—'৬৪-৬৫) | | |
| ১৪০৪ ,, ,, | ৩২% | | ৩৩,৫৫ ,, ,, | ৬৮% |
| | | (১৯৬৫-৬৬—'৬৯-৭০) | | |
| ২১৪১ ,, ,, | ৩৬% | | ৫১,৯৫ ,, ,, | ৬৪% |

## কেন্দ্রীয় চাকুরীতে একনজরে বৈষম্য

| | বাংলাদেশ | পশ্চিম পাকিস্তান |
|---|---|---|
| প্রতিরক্ষা দপ্তর | ৮·১% | ৯১·৯% |
| স্বরাষ্ট্র ,, | ২২·৫% | ৭৭·৫% |
| শিক্ষা ,, | ২৭·৩% | ৭২·৭% |
| তথ্য ,, | ২০·১% | ৭৯·৯% |
| স্বাস্থ্য ,, | ১৯% | ৮১% |
| কৃষি ,, | ২১% | ৭৯% |
| আইন ,, | ৩৫% | ৬৫% |

## বৈদেশিক চাকুরীতে বাংলাদেশের স্থান

| | বাংলাদেশ | পশ্চিম পাকিস্তান |
|---|---|---|
| রাষ্ট্রদূত সহ | | |
| প্রথম শ্রেণীর কর্মচারী | ৫৮ | ১৭৯ |
| দ্বিতীয় ,, ,, | ৪৮ | ১৯৬ |
| তৃতীয় ,, ,, | ১৭ | ৫৮ |
| চতুর্থ ,, ,, | ৮ | ৮৬ |
| মোট সংখ্যা | ১৩২ [২৫·২%] | ৫২২ [৭৪·৮%] |

(৪র্থ পাঁচশালা পরিকল্পনার উপদেষ্টা প্যানেলের রিপোর্ট প্রথম খণ্ড, পরিকল্পনা কমিশন, ইয়াহিয়ার জঙ্গী সরকার, (১৯৭১)। জন সংখ্যা ঃ বাংলাদেশ ৫৬% পঃ পাকিস্তান ৪৪%







ওরা মানুষ হত্যা ক ছে ..................... আসুন আমরা পশু হত্যা করি

# স্বায়ত্বশাসন থেকে
# স্বাধিকার
# স্বাধিকার থেকে
# স্বাধীনতা

১৯৪৮ ঃ প্রথম রাষ্ট্রভাষা আন্দোলন।

১৯৫১ ঃ মূলনীতি কমিটির রিপোর্ট বিরোধী আন্দোলন। এই রিপোর্টে উর্দুকে একমাত্র রাষ্ট্রভাষা এবং দ্বিকক্ষ বিশিষ্ট পরিষদের সুপারিশ ছিল। এতে বাঙ্গালীদের সংখ্যালঘুতে পরিণত করার চক্রান্ত ছিল।

১৯৫২ ঃ সাফল্যজনক রাষ্ট্রভাষা আন্দোলন। শহীদের রক্তে বাংলাভাষার মর্যাদার স্বীকৃতি।

১৯৫৩ ঃ পাক-মাকিন সামরিক চুক্তি বিরোধী আন্দোলন।

১৯৫৪ ঃ পূর্ববাংলার নির্বাচনে আওয়ামী লীগের নেতৃত্বে গঠিত যুক্তফ্রণ্টের ঐতিহাসিক বিজয়। পূর্ববাংলায় ৯২-ক ধারা প্রবর্তন; আওয়ামী লীগ নেতা শেখ মুজিবসহ শত শত রাজনৈতিক কর্মী গ্রেফতার।

১৯৫৬ ঃ সংখ্যাসাম্যের ভিত্তিতে প্রথম শাসন তন্ত্র প্রণয়ন।

১৯৫৮ ঃ প্রথম সামরিক শাসন জারী। আইয়ুবের ক্ষমতা গ্রহণ।

১৯৬২ ঃ শাসনতন্ত্র ও শিক্ষা দাবী দিবসকে কেন্দ্র করে আইয়ুব বিরোধী প্রচণ্ড গণ-আন্দোলন।

১৯৬৪ ঃ আইয়ুব বিরোধী নির্বাচনী জোট।

১৯৬৫ ঃ ১৭ দিন স্থায়ী পাক-ভারত সংঘর্ষ ও তাসখন্দ চুক্তি স্বাক্ষর।

১৯৬৬ ঃ পাকিস্তানের রাজনীতিতে নয়া অধ্যায় সূচিত। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রণীত ঐতিহাসিক ৬-দফা দাবী ২০শে এপ্রিল জাতির সম্মুখে পেশ। ৬-দফার প্রতি এই প্রথমবার বাঙ্গালী বুদ্ধিজীবী ও অর্থনীতিবিদদের প্রকাশ্য সমর্থন দান। মে মাসে শেখ মুজিব গ্রেফতার।

১৯৬৮ ঃ তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলা বিরোধী আন্দোলন ও আইয়ুব বিরোধী গণ অভ্যুত্থান।
ডাক (ডেমোক্রাটিক এাকসন কমিটি) অর্থাৎ গণতান্ত্রিক সংগ্রাম পরিষদ গঠন। ছাত্র সমাজ ও আওয়ামী লীগের নেতৃত্বে তথাকথিত আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার আন্দোলন গড়ে ওঠে এবং সাফল্যজনকভাবে আন্দোলনকে এগিয়ে নেয়।

১৯৬৯ ঃ দেশব্যাপী সফল গণ অভ্যুত্থানের মুখে আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার ও বঙ্গবন্ধুর কারাগার থেকে মুক্তিলাভ। আইয়ুব শাসকচক্রের পতন। আইয়ুবের আমন্ত্রণে ইয়াহিয়ার নেতৃত্বে দ্বিতীয় সামরিক শাসন জারী। গণদাবীর ভয়ে নির্বাচনী ওয়াদা।

১৯৭০ ঃ নভেম্বর বিশ্বের ইতিহাসে রেকর্ড ভঙ্গকারী ভয়াবহ ঘূর্ণীঝড়ে বাংলাদেশের সমুদ্র উপকূলবর্তী এলাকায় দশ লক্ষাধিক লোক নিহত। ঘূর্ণীঝড়ে বিধ্বস্ত এলাকার ৩০ লক্ষাধিক অসহায় ছিন্নমূল নরনারী সম্পর্কে কেন্দ্রীয় সরকারের ক্ষমাহীন ঔদাসীন্যের পরিচয় দান।
বঙ্গবন্ধু শেখ মুজিবের নেতৃত্বে সাধারণ নির্বাচনে আওয়ামী লীগের ঐতিহাসিক বিজয় ও নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ। [কেন্দ্রে ১৬৭ ঃ প্রদেশে ২৮৮]

১৯৭১ ঃ শেখ মুজিবের বাংলাদেশের বিরুদ্ধে ইয়াহিয়া-ভুট্টো-কাইয়ুম চক্রের নয়া ষড়যন্ত্র। ১লা মার্চ অনির্দিষ্টকালের জন্য জাতীয় পরিষদের অধিবেশন মুলতবী ঘোষণা। পূর্ববাংলায় গণ-বিদ্রোহের সূচনা। ৩রা মার্চ অসহযোগ আন্দোলনের জন্য বঙ্গবন্ধুর উদাত্ত আহবান। ৭ই মার্চ রেসকোর্স ময়দানে দেশবরেণ্য নেতা শেখ মুজিবের যুগান্তকারী ঘোষণা ঃ 'এ সংগ্রাম মুক্তির সংগ্রাম, এ সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'। ৯ই মার্চ বঙ্গবন্ধুর প্রতি আশীতিপর বৃদ্ধ জননেতা মওলানা ভাসানীর অকুণ্ঠ সমর্থন। ১৬ই মার্চ থেকে ঢাকায় মুজিব-ইয়াহিয়া বৈঠক। ২৫শে মার্চ রাত্রির অন্ধকারে পশ্চিম পাকিস্তানী হানাদার সৈন্যের অতর্কিত আক্রমণ। আওয়ামী লীগের নেতৃত্বে বাঙ্গালীদের স্বাধীনতা ঘোষণা। সর্বত্র বীরত্বপূর্ণ প্রতিরোধ ও মুক্তি সংগ্রাম শুরু।
১৭ই এপ্রিল মুজিবনগরে আনুষ্ঠানিকভাবে স্বাধীন বাংলাদেশ সরকার গঠন।

•

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার

গণপ্রজাতন্ত্রী বাংলা দেশ সরকার

**জয় বাংলা**

বাংলাদেশ সরকারের তথ্য ও প্রচার দফতরের পক্ষ থেকে মুদ্রিত ও প্রকাশিত।

মূল্য দশ পয়সা মাত্র